দৈনিক ইত্তেফাক

46

DEC. 25 1999

তারিখ ... ... 25.12.1999
পৃষ্ঠা 13 কলাম 8

২১ হাজার শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত

# মেহেরপুরের ৩৮টি গ্রামে কোন প্রাথমিক শিক্ষা কেন্দ্র নাই

মেহেরপুর সংবাদদাতা ।। মেহেরপুর জেলার ১৫টি ইউনিয়নের ৩৮টি গ্রামে প্রাথমিক শিক্ষার জন্য আজও কোন প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় নাই। ফলে আনুমানিক ২১হাজার শিশু দীর্ঘদিন যাবৎ প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে।

এই জেলার সদর থানার ৭টি ইউনিয়নের ২০টি গ্রামে ও গাংনী থানার ৮টি ইউনিয়নের ১৮টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, সদর থানার কুতুবপুর ইউনিয়নের চক কুতুবপুর, মনোহরপুর, বুড়িপোতা ইউনিয়নের বারাক রাধাকান্তপুর, আমঝুপি ইউনিয়নের মণ্ডলপাড়া গ্রাম, কাচারীপাড়া গ্রাম, ইসলামনগর, ধানতলা, বসন্তপুর, ডুমুরপাড়া গ্রাম, আমদহ ইউনিয়নের

(৫ম পৃঃ দ্রঃ)

## মেহেরপুর

(৩য় পৃঃ পর)

খন্দকারপাড়া, চালতলাগ্রাম, পারিয়াপুর ইউনিয়নের গোপিনাথপুর, বিদ্যাধরপুর, পিরোজপুর ইউনিয়নের টুঙ্গি, শিমুলতলা, চাঁদপুর, পাটাপোকা ও কলায়ডাঙ্গা, গাংনী থানার-সাহার বাটি ইউনিয়নের দুর্লভপুর, ষোলটাকা ইউনিয়নের চক ধারানগর, মানিকদিয়া, ছকাপাড়া, চক আমতৈলী, মহেশপুর আমতলা, বামুন্দী ইউনিয়নের অলীনগর, ভোলারহাট, তেঁতুলবাড়িয়া ইউনিয়নের ইসলামপুর মথুরাপুর, গরীবপুর, দুলালনগর, ছোট বামুন্দী, এ্যালাঙ্গী, কাজীপুর ইউনিয়নের নতুন ব্রজপুর, দক্ষিণ তেজুলবাড়ীয়া, ধানখোলা ইউনিয়নের কড়াইলধালি বোবার হাটগ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় না থাকায় ২টি থানার প্রায় ২১ হাজার শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে।